# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০১২

১/ বিবিধ

আরবী

تحية البيت الطواف
لا أعلم له أصلا

وإن اشتهر على الألسنة، وأورده صاحب " الهداية " من الحنفية بلفظ
" من أتى البيت فليحيه بالطواف
وقد أشار الحافظ الزيلعي في تخريجه إلى أنه لا أصل له، بقوله (2/51)
غريب جدا، وأفصح عن ذلك الحافظ ابن حجر فقال في " الدراية " (ص 192)
لم أجده
قلت: ولا أعلم في السنة القولية أوالعملية ما يشهد لمعناه، بل إن عموم الأدلة الواردة في الصلاة قبل الجلوس في المسجد تشمل المسجد الحرام أيضا، والقول بأن تحيته الطواف مخالف للعموم المشار إليه، فلا يقبل إلا بعد ثبوته وهيهات، لا سيما وقد ثبت بالتجربة أنه لا يمكن للداخل إلى المسجد الحرام الطواف كلما دخل المسجد في أيام المواسم، فالحمد لله الذي جعل في الأمر سعة، " وما جعل عليكم في الدين من حرج
وإن مما ينبغي التنبه له أن هذا الحكم إنما هو بالنسبة لغير المحرم، وإلا فالسنة في حقه أن يبدأ بالطواف ثم بالركعتين بعده، انظر بدع الحج والعمرة في رسالتي " مناسك الحج والعمرة "، رقم البدعة (37)

বাংলা

১০১২। তাওয়াফই হচ্ছে বাইতুল্লাহর অভিবাদন।

মুখে মুখে প্রসিদ্ধি লাভ করলেও এটির কোন ভিত্তি সম্পর্কে আমি জানি না।

হানাফী মাযহাবের "হেদায়াহ" গ্রন্থের লেখক হাদিসটি নিম্নের ভাষায় উল্লেখ করেছেনঃ

من أتى البيت فليحيه بالطواف

যে ব্যক্তি বাইতুল্লাহয় আসবে সে যেন তাওয়াফের দ্বারা তাকে অভিবাদন জানায়।

হেদায়া গ্রন্থের হাদীসগুলোর তাখরাজকারী হাফিয যায়লাঈ "নাসবুর রায়াহ" (২/৫১) গ্রন্থে খুবই গারীব বলার দ্বারা হাদীসটির কোন ভিত্তি নেই সেদিকেই ইঙ্গিত করেছেন। হাফিয ইবনু হাজার আরো স্পষ্ট করে "আদ-দিরায়াহ" (পৃঃ ১৯২) গ্রন্থে বলেছেনঃ আমি হাদীসটিকে পাচ্ছি না।

আমি (আলবানী) বলছিঃ কওলী বা ফে’লী কোন প্রকার সুন্নাতেই উক্ত হাদীসের সাক্ষীমূলক কিছু সম্পর্কে আমি জানি না। বরং ব্যাপক ভিত্তিক দলীল দ্বারা মসজিদে বসার পূর্বে দুরাকাআত সালাত পড়ার কথা সাব্যস্ত হয়েছে যা মসজিদুল হারামকেও সম্পৃক্ত করে। তাওয়াফ দ্বারা শুরু করা আম (ব্যাপক ভিত্তিক) হাদীসের বিপরীত। হজ্জের মওসুমে মসজিদুল হারামে প্রবেশকারী যখনই প্রবেশ করবে তখনই তার পক্ষে তাওয়াফ করা সম্ভব নয়। আল্লাহ তা’আলা ধর্মের মধ্যে কোন প্রকার কঠোরতা রাখেননি। শুধুমাত্র ইহরাম বেঁধে আগত ব্যক্তির জন্য সুন্নত হচ্ছে এই যে, তিনি সর্বপ্রথম তাওয়াফ শুরু করবেন অতঃপর দুরাকাআত সালাত আদায় করবেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন